



## ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফইওডি সার্কুলার নং- ০৩

তারিখ : ১৬ শ্রাবণ, ১৪৩১  
৩১ জুলাই, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক।

### ফরেন এক্সচেঞ্জ ড্যাশবোর্ডে যথাসময়ে সঠিক ও পূর্ণাঙ্গ রিপোর্টিং নিশ্চিতকরণ প্রসঙ্গে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ২০১৮ এবং সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনার আলোকে অনুমোদিত ডিলার তথা তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক Online Foreign Exchange Transaction Monitoring and Management System (ফরেন এক্সচেঞ্জ ড্যাশবোর্ড) এ নিয়মিত ভিত্তিতে বৈদেশিক মুদ্রার লেনদেন রিপোর্ট করার নির্দেশনা রয়েছে। কিন্তু, ড্যাশবোর্ডে ভুল ও বিলম্বে রিপোর্টিংয়ের কারণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যালেন্স অব পেমেন্ট হিসাবায়ন এবং মুদ্রানীতি প্রণয়ন ও তা বাস্তবায়নে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে।

২। এ প্রেক্ষিতে ফরেন এক্সচেঞ্জ ড্যাশবোর্ডে যথাসময়ে সঠিক ও পূর্ণাঙ্গ রিপোর্টিং নিশ্চিত করার লক্ষ্যে আপনাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :


- ক) আমদানির ক্ষেত্রে কন্ট্রাক্ট/এলসি স্থাপন ও রপ্তানির ক্ষেত্রে কন্ট্রাক্ট/এলসি প্রাপ্তি এবং বৈদেশিক মুদ্রায় যে কোন মূল্য পরিশোধ ও প্রাপ্তির ৮ (আট) কর্মঘন্টার মধ্যে ড্যাশবোর্ডে তথ্য প্রদান করা ;
- খ) ড্যাশবোর্ডের বিভিন্ন মডিউলের নির্ধারিত টেমপ্লেটে সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য প্রদান করা ;
- গ) এফই সার্কুলার লেটার নম্বর ১০, তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২৩ এবং এফই সার্কুলার পত্র নং- এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-০৭, তারিখ: ০৫ মে, ২০১৪ এ উল্লিখিত আমদানি সংক্রান্ত পর্যাপ্ত তথ্যাদি ড্যাশবোর্ডের নির্ধারিত টেমপ্লেটে প্রদান করা ;
- ঘ) ড্যাশবোর্ড রিপোর্টিং তদারকির জন্য ব্যাংকের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে কার্যকর তদারকি ব্যবস্থা গড়ে তোলা ।

৩। ফরেন এক্সচেঞ্জ ড্যাশবোর্ড রিপোর্টিং বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল সার্কুলার, সার্কুলার লেটার ও অন্যান্য নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে এবং পরিপালন নিশ্চিত করতে হবে।

৪। এতদ্যুতীত, ফরেন এক্সচেঞ্জ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের যাচিত তথ্য, বিবরণী, নথিপত্র ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সঠিকতা নিশ্চিতপূর্বক প্রেরণ করতে হবে।

৫। ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাট, ১৯৪৭ এর ২০(৩) ধারা এবং ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫(১)(ঘ) ধারায় অপৃত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

  
(মোঃ বায়েজীদ সরকার)  
পরিচালক (এফইওডি)  
ফোন : ৯৫৩০১২৭